# বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট

## (প্রাক্তন বাংলাদেশ শিশু স্বাস্থ্য ইনস্টিটিউট)

**শেরে বাংলা নগর, ঢাকা -১২০৭ -**

Admission Help Line – SAS Coaching 01737130753

স্মারক নং- প্রশাসন/বাশিহাই/ইনঃ ২৭৩ | তারিখঃ ২৯/০৫/২০২৫ ইং

**"১৭তম ব্যাচ ব্যাচেলর অব সাইন্স ইন হেলথ টেকনোলজী" (ল্যাবরেটরী) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ব্যাচেলর অব সাইন্স ইন হেলথ টেকনোলজী (ল্যাবরেটরী) ০৪(চার) বৎসর মেয়াদী কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১) শিক্ষাগত যোগ্যতাঃ ২০২২/২০২৩/২০২৪ সালে এইচএসসি অথবা সমমানের পরীক্ষার বিজ্ঞান বিভাগ (জীববিজ্ঞান বাধ্যতামূলক) হইতে উত্তীর্ণ প্রার্থীগণ আবেদন করিতে পারিকের। এছাড়াও সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা পাশ প্রার্থীরা (এসএসসিতে বিজ্ঞান বিভাগ ও জীববিজ্ঞান থাকা বাধ্যতামূলক) আবেদন করিতে পারিবেন।

২) এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সম্মিলিত জিপিএ গ্রেড পয়েন্ট এ্যাভারেজ নূন্যতম ৫.০০ পয়েন্ট থাকিতে হইবে, তবে কোন পরীক্ষায় জিপিএ ২.৫ এর নিচে গ্রহনযোগ্য হইবে না।

৩) অত্র প্রতিষ্ঠানের দপ্তর এবং প্রতিষ্ঠানের ওয়েবসাইট (www.bshi.org.bd) থেকে ৩১/০৫/২০২৫ ইং, হইতে আবেদন পত্র সংগ্রহ করা যাইবে। আবেদন পত্রের জন্য ইনস্টিটিউটের হিসাব শাখা (রুম নং ১১১) হইতে নির্ধারিত জমা রশিদ সংগ্রহপূর্বক ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা "বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট (একাডেমিক), ঢাকা" বাংলাদেশ কৃষি ব্যাংক, শ্যামলী শাখা এর অনুকুলে প্রদান করিয়া, জমা রশিদ (স্বহস্তে পূরণকৃত) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতঃ আগামী **২৫/০৬/২০২৫ইং** তারিখ এর মধ্যে অফিস চলাকালীন সময়ে সকাল ৯.০০ ঘটিকা হইতে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে প্রতিষ্ঠানের দপ্তরে (রুম নং ৪৪৩, ৪র্থ তলা) জমা দিতে হইবে।

৪) সরকারী/স্বায়ত্তশাসিত/বেসরকারী চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৫) আবেদন পত্রের সাথে নিম্ন বর্ণিত কাগজপত্র জমা দিতে হইবেঃ-

ক. প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

খ. এসএসসি বা সমমানের এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং সনদ এর সত্যায়িত ফটোকপি।

গ. ডিপ্লোমাধারী প্রার্থীদের জন্য সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা সনদ এবং নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।

ঘ. সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত)।

৬) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৭) ডিপ্লোমাধারীদের বয়স ৩১/১২/২০২৪ ইং তারিখে অনুর্ধ্ব ৪৫ বছর হইতে হইবে।

৮) ভর্তির লিখিত পরীক্ষা আগামী **৩০/০৬/২০২৫** ইং তারিখ, সোমবার, সকাল ১০.০০ ঘটিকায় বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটের ৪র্থ তলায় অনুষ্ঠিত হইবে।

৯) কোর্স ফি সর্বমোট ৯৯০০০/- (নিরানব্বই) হাজার টাকা মাত্র, যাহা প্রতি বর্ষে কিস্তিতে পরিশোধের সুবিধা বিদ্যমান রহিয়াছে।

১০) উক্ত কোর্সে ৪র্থ বর্ষে শিক্ষানবীশকালে সকল শিক্ষার্থীকে প্রতিমাসে ৮০০০/- (আট) হাজার টাকা করে ভাতা প্রদান করা হইবে।

১১) ভর্তি পরীক্ষার্থীদের কোন প্রকার TA/DA প্রদান করা হইবে না।

১২) অত্র ইনস্টিটিউটে শিক্ষার্থীদের কোন হোস্টেল সুবিধা নাই।

অধ্যাপক (ডাঃ) মোঃ জাহবুবুল হক
পরিচালক
বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট

সাস কোচিং -০১৭৩৭১৩০৭৫৩